## মঞ্জুরি নং-৩৭

# ১৪০ - প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| পরিচালন ব্যয় | ৩৯২,৪৫,০০ | ৪৩১,৭০,০০ | ৪৭৪,৮৬,০০ |
| উন্নয়ন ব্যয় | ৬২৫,৯৮,০০ | ৬৮৮,৫৭,০০ | ৭৫৭,৪৪,০০ |
| **মোট** | **১০১৮,৪৩,০০** | **১১২০,২৭,০০** | **১২৩২,৩০,০০** |
| | | | |
| আবর্তক | ৭০১,৮৩,৬১ | ৬৭৮,৬২,৯০ | ৬১১,৯৩,৫১ |
| মূলধন | ৩১৬,৩৯,৩৯ | ৪৪১,৪৪,১০ | ৬২০,১৬,৪৯ |
| আর্থিক সম্পদ | ২০,০০ | ২০,০০ | ২০,০০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **১০১৮,৪৩,০০** | **১১২০,২৭,০০** | **১২৩২,৩০,০০** |

## ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

## ১.১ মিশন স্টেটমেন্ট

আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার নিরিখে উপযুক্ত কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনগোষ্ঠীর বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টি এবং প্রবাসী কর্মীদের কল্যাণ ও অধিকার নিশ্চিতকরণ।

## ১.২ প্রধান কার্যাবলি

১.২.১. প্রবাসী কর্মীদের সার্বিক কল্যাণ নিশ্চিতকরণ ও তাদের অধিকার সংরক্ষণ এবং বৈদেশিক কর্মসংস্থানের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে অবদান রাখা;

১.২.২. বিদ্যমান শ্রমবাজার সুসংহতকরণ, নতুন শ্রমবাজার অনুসন্ধান ও সম্প্রসারণ এবং বৈদেশিক কর্মসংস্থান ব্যবস্থাপনা ও বৈদেশিক শ্রম বাজার সংক্রান্ত গবেষণা;

১.২.৩. বৈদেশিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে গুণগতমান বজায় রেখে প্রশিক্ষণ পরিচালনা ও সার্বিক প্রশিক্ষণ ব্যবস্থাকে সময়পোযোগীকরণ;

১.২.৪. কারিগরি প্রশিক্ষণের আন্তর্জাতিক সনদায়নের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ এবং কারিগরি প্রশিক্ষণ ও দক্ষতা উন্নয়ন ব্যবস্থা সহজলভ্য করার জন্য দেশের প্রতিটি উপজেলায় টিটিসি স্থাপন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন;

১.২.৫. প্রবাসী/প্রত্যাগত কর্মীদের আর্থিক ও প্রয়োজনে আইনী সহায়তা প্রদান, বিদেশে মৃত কর্মীর মরদেহ দেশে আনয়ন ও দাফন, প্রবাসী কর্মীর সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদানসহ সার্বিক কল্যাণ সম্পাদন এবং বিদেশ ফেরত কর্মীদের আর্থ-সামাজিক পুনঃএকত্রিকরণ করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ;

১.২.৬. রিক্রুটিং এজেন্সির লাইসেন্স প্রদান, নবায়ন এবং বৈদেশিক কর্মসংস্থান সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সম্পাদন;

১.২.৭. অভিবাসন সংশ্লিষ্ট আন্তর্জাতিক সংস্থা, অন্যান্য দেশের সরকার ও সংস্থার যৌথ উদ্যোগে কর্মী প্রেরণ এবং প্রশিক্ষণ সংক্রান্ত চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর; এবং

১.২.৮. প্রবাসীদের বিশেষ নাগরিক সুবিধা প্রদান ও বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (সিআইপি, এনআরবি) নির্বাচন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি | • বৈদেশিক শ্রমবাজারের দক্ষতা চাহিদা পরিবীক্ষণ<br>• কর্মী প্রেরণকারী বিভিন্ন দেশের উত্তম চর্চা অনুসন্ধান এবং বাংলাদেশের প্রেক্ষাপটে তা বাস্তবায়ন | • সচিবালয় |
| | • বৈদেশিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও মান নিশ্চিত করে দক্ষ জনশক্তি সৃষ্টি<br>• দেশের প্রতিটি উপজেলায় টিটিসি স্থাপন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যেমে প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বৃদ্ধি | • জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ২. বৈদেশিক শ্রমবাজার সম্প্রসারণ | • সরকারি ব্যবস্থপনায় বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি এবং শোভন (Decent) কাজের সুযোগ সম্প্রসারণ | • বিদেশস্থ শ্রম উইংসমূহ |
| | • বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ এবং নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানের মাধ্যমে সৃষ্ট কর্মসংস্থানে কর্মী প্রেরণ | • জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)<br>• বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট সার্ভিসেস লি. |
| | • রিক্রুটিং এজেন্সি নিবন্ধিকরণ, পরিবীক্ষণ ও সহযোগিতামূলক কার্যক্রম সম্পাদন | • জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ৩. অভিবাসী, প্রত্যাগত এবং বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ | • প্রবাসীদের বিশেষ নাগরিক সুবিধা প্রদান | • সচিবালয় |
| | • প্রবাসী কর্মীদের অভিযোগের বিষয়ে কার্যক্রম গ্রহণ এবং বিভিন্ন সহায়তা প্রদান | • বিদেশস্থ শ্রম উইংসমূহ |
| | • নিরাপদ অভিবাসন সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন ও পর্যবেক্ষণ | • জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| | • বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনঃএকত্রিকরণের লক্ষ্যে মনো-সামাজিক এবং অর্থনৈতিক পরামর্শ ও নগদ সহায়তাসহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান এবং RPL সনদ প্রদান | • ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |
| ৪. মাথাপিছু রেমিট্যান্স বৃদ্ধি | • বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণে প্রবাসীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | • সচিবালয়<br>• বিদেশস্থ শ্রম উইংসমূহ<br>• জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| | • প্রবাসী কর্মীদের বিশেষ সহায়তা প্রদানের লক্ষ্যে বিদেশে অবস্থিত সংগঠনসমূহের সাথে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন | • বিদেশস্থ শ্রম উইংসমূহ |
| | • অনিবাসী/ অভিবাসী বাংলাদেশি কর্মীদের পাঠানো অর্থ উৎপাদনশীল খাতে ব্যবহার করার লক্ষ্যে ০৪টি উপজেলার কর্মীদের পরিবারকে উৎসাহ প্রদান | • ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে প্রবাসী কর্মীগণের নিজেদের জীবনমান উন্নয়নের পাশাপাশি দেশের সামগ্রিক দারিদ্র নিরসনে ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধির ফলে নারীদের কর্মে নিয়োজিত হওয়ার সুযোগ বৃদ্ধি পাচ্ছে। ফলে নারীরা পরিবারে ও দেশের অর্থনীতিতে অবদান রাখতে পারছে। এ প্রক্রিয়ায় অর্থনৈতিকভাবে স্বাবলম্বী নারীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। স্বচ্ছল ও সাবলম্বী নারীরা সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশ নিতে পারছে।

#### ৩.১.২ বৈদেশিক শ্রমবাজার সম্প্রসারণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বৈদেশিক শ্রম বাজারের চাহিদার সাথে সঙ্গতি রেখে বিদেশ গমনেচ্ছু দরিদ্র কর্মীদেরকে ট্রেডভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ও কারিগরী জ্ঞানসম্পন্ন জনগোষ্ঠী হিসেবে গড়ে তোলা এবং অভিবাসী কর্মীর অর্জিত দক্ষতা স্বীকৃতি প্রদান করে পর্যায়ক্রমে অধিকতর আয় সম্পন্ন কর্মসংস্থান প্রদানের মাধ্যমে দারিদ্র নিরসন করা হচ্ছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** বৈদেশিক শ্রম বাজারের চাহিদা মোতাবেক প্রশিক্ষণের মাধ্যমে নারীদেরকে দক্ষ কর্মী হিসেবে গড়ে তোলা হচ্ছে এবং বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে নারীর আর্থিক সক্ষমতা অর্জন, ক্ষমতায়ন ও মর্যাদা বৃদ্ধি পাচ্ছে।

#### ৩.১.৩ অভিবাসী, প্রত্যাগত এবং বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** কম অভিবাসন ব্যয়ে বিদেশে কর্মী প্রেরণের জন্য মন্ত্রণালয় ও এর অধীন দপ্তরসমূহ বিভিন্ন কার্যক্রম গ্রহণ করছে। প্রবাসী কল্যাণ ব্যাংক থেকে তুলনামূলক স্বল্প সুদে ও ন্যূনতম সার্ভিস চার্জে বিদেশে গমনের জন্য অভিবাসী কর্মীগণকে ঋণ প্রদান করা হচ্ছে। ফলে অভিবাসন ব্যয় হ্রাস পাওয়ায় কর্মী সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। এছাড়া, উক্ত ব্যাংক বিদেশ প্রত্যাগত কর্মীদেরকেও সহজ শর্তে ঋণ প্রদান করায় দেশের মধ্যেও নতুন করে পেশা নির্বাচন তথা কর্মসংস্থান নিশ্চিত হচ্ছে যা দেশের দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করছে। অন্যদিকে, বিদেশে অবস্থানরত অভিবাসী কর্মীদের সুযোগ সুবিধা নিশ্চিত করার জন্য বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসে শ্রম উইং সেবা প্রদান করছে। তাছাড়া ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড প্রত্যাগত, বিদেশ গমনেচ্ছু ও প্রবাসী কর্মীদের কল্যাণার্থে বিভিন্ন ধরণের সহায়তার পাশাপাশি মৃত কর্মীর মরদেহ দেশে আনয়ন, দাফন ও অন্যান্য কল্যাণমূলক সেবা প্রদান করছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রবাসী নারী ও পুরুষ উভয় ধরণের কর্মীর জন্যই সমকল্যাণ নিশ্চিত করা হচ্ছে। অধিকন্তু শুন্য অভিবাসন ব্যয়ে নারী কর্মীদের জন্য বিদেশে কর্মসংস্থানের (মূলত জর্ডান) সুযোগ সৃষ্টি করা হয়েছে। এ কারণে নারী কর্মীদের বিদেশ গমনের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে ও নারীর ক্ষমতায়ন হচ্ছে।

#### ৩.১.৪ মাথাপিছু রেমিট্যান্স বৃদ্ধি

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** বিদেশে কর্মরত কর্মীদের বৈধ উপায়ে প্রেরিত রেমিট্যান্স দেশের অর্থনীতির মূলধারায় সম্পৃক্ত হওয়ায় একদিকে যেমন দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি পেয়ে উন্নয়নের ভীত মজবুত হচ্ছে, অপরদিকে বৈদেশিক সাহায্যের উপর নির্ভরশীলতা অনেকাংশে হ্রাস পাচ্ছে। রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি পাওয়ায় দেশের সার্বিক উন্নয়নে প্রবাসী কর্মীদের অবদান নিশ্চিত হচ্ছে। তাছাড়া, প্রেরিত রেমিট্যান্সের মাধ্যমে দেশে অবস্থানরত অভিবাসীদের পরিবার-পরিজনদের জীবনযাত্রার মান বৃদ্ধি পাচ্ছে, যা দারিদ্র্য নিরসনে ব্যাপকভাবে ভূমিকা রাখছে।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** দেশের অর্থনীতিতে রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধি পাওয়ায় আর্থ-সামাজিক উন্নয়নের মূল ধারায় নারীর অংশগ্রহণ ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। এতে নারীর পারিবারিক ও সামাজিক মর্যাদা দৃঢ় হচ্ছে।

## ৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| দারিদ্র্য নিরসন | ৫০৮,৮৭,৭৪ | ৬৫২,৮২,৭৫ | ৮৪৪,৪৬,৯৮ |
| নারী উন্নয়ন | ৩৪৭,২৫,৬৫ | ৪৫৮,১৮,২৬ | ৫৯৮,৩২,২৮ |

## ৪.১ অগ্রাধিকারব্যয় খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. দক্ষ জনশক্তি সৃষ্টি**<br>আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদার নিরিখে টিটিসি ও আইএমটিসমূহে বিভিন্ন ট্রেডে কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের দক্ষতা উন্নয়ন করা হচ্ছে। অভিবাসী কর্মীর অর্জিত দক্ষতার স্বীকৃতির জন্য Recognition of Prior Learning (RPL) প্রদান করা হচ্ছে। এছাড়া, বৈদেশিক শ্রমবাজারে Skill recognition এর জন্য Online skill recognition tool প্রবর্তনের উদ্যোগ নেওয়া হয়েছে। এতে দক্ষ জনশক্তি সৃষ্টি হবে বিবেচনায় এই খাতকে প্রথম অগ্রাধিকার খাত হিসেবে দেখানো হয়েছে। | • দক্ষ জনশক্তি সৃষ্টির মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি |
| **২. বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি**<br>বিদেশ গমনেচ্ছু কর্মীদের বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নতুন নতুন শ্রমবাজার অন্বেষণ ও সম্প্রসারণ এবং রিক্রুটিং এজেন্সিসমূহের লাইসেন্স প্রদান, মনিটরিং ও বিদ্যমান বাজার সংরক্ষণের জন্য বিশেষ কার্যক্রম গ্রহণ করা হয় যা বৈদেশিক কর্মসংস্থানের প্রসার ঘটাবে। যার ফলে দিন দিন রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি পাবে। জনসংখ্যাতাত্তিক লভ্যাংশ (Demographic dividend) প্রাপ্তির বিবেচনায় এ খাতকে দ্বিতীয় অগ্রাধিকার খাত হিসেবে দেখানো হয়েছে। | • বৈদেশিক শ্রমবাজার সম্প্রসারণ এবং রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধি |
| **৩. প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ**<br>প্রবাসী কর্মী ও অভিবাসীদের সহযোগিতার মধ্যে মৃত কর্মীর মরদেহ দেশে আনয়ন ও দাফন সংক্রান্ত কার্যাবলি সম্পাদন, তার পরিবারকে আর্থিক সহায়তা প্রদান, নিয়োগকারী নিকট থেকে মৃত কর্মীর ন্যায্য পাওনা ও ক্ষতিপূরণ আদায়, বিপদগ্রস্ত প্রবাসী কর্মী/প্রত্যাগত কর্মীদের প্রয়োজনে আর্থিক ও আইনী সহায়তা প্রদান, সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান, সহজ শর্তে ঋণ গ্রহণের ব্যবস্থাকরণ অন্যতম। এ জন্য এ খাতকে তৃতীয় অগ্রাধিকার খাত হিসেবে বিবেচনা করা হয়েছে। | • অভিবাসী, প্রত্যাগত এবং বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ |

## ৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৩-২৪ হতে ২০২৫-২৬)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| সচিবালয়, প্রবাসী কল্যাণ এবং বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | ৩৪৬,৪৮,৭৫ | ৪৩,৮৫,০৮ | ৩২৫,২৪,০০ | ৩৩৫,০৪,০০ | ৪৬২,৪৪,০০ |
| বিদেশে শ্রম অফিসসমূহ | ৮৭,০০,২৫ | ৮৭,৭৭,৯০ | ৯৯,৭৭,০০ | ১০৫,০০,০০ | ১১২,০০,০০ |
| প্রধান কার্যালয়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | ৩৪৭,১৩,০০ | ২৭০,৬৬,০৭ | ৩৬১,১৭,০০ | ৪৩৩,৩৮,৬৬ | ৩৮০,৫৯,২৭ |
| বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়সমূহ | ১,২২,০০ | ৭৮,৯২ | ১,৩২,০০ | ১,৪২,৪০ | ১,৫০,৯৫ |
| জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়সমূহ | ২৮,৯৪,০০ | ২৪,৪৬,৭৩ | ৩০,৭৩,০০ | ৩৫,০৮,২২ | ৩৮,২৮,৩৫ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২২-২৩ | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ | ১৬৪,৭৩,০০ | ১৫৮,১৯,৬৫ | ১৮১,৬৫,০০ | ১৯২,৫১,৮২ | ২১৮,০৮,৩৮ |
| মেরিন টেকনোলজি ইনস্টিটিউটসমূহ | ১৪,৮১,০০ | ১৩,৪৮,০১ | ১৮,৫৫,০০ | ১৭,৮১,৯০ | ১৯,৩৯,০৫ |
| **সর্বমোট :** | **৯৯০,৩২,০০** | **৫৯৯,২২,৩৬** | **১০১৮,৪৩,০০** | **১১২০,২৭,০০** | **১২৩২,৩০,০০** |

## ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৩-২৪ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২২-২৩ | | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ২৩০,০৪,০৮ | ২১৩,১৩,৭৪ | ২৪৪,৩০,৭৯ | ২৬৬,৭৭,২৮ | ২৮৩,২৫,৭৯ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ৬৩,০০,৬১ | ৬৭,০৪,০০ | ৭৪,৪৮,১৮ | ৯৩,৮১,৮১ | ৮৬,৫০,৩৩ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ৫,১৫,১৯ | ১,৯০,৩৫ | ৫,০০,০৫ | ৫,০০,১৫ | ১০,৮১,৯৫ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৩৮,০৭,৪৩ | ১৮,৬৯,৫০ | ১৯,১৮,০০ | ২১,০৬,০০ | ২৬,০৩,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ২,৯৩,১০ | ২,৯০,৯৫ | ৩,১১,৮১ | ৩,৪৭,৭১ | ৩,৭৩,৮০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ১৪,৪৯,৯০ | ৯,৮৪,৮৫ | ১৫,০৫,৭৬ | ২০,৯৪,১৭ | ২২,৭৭,০৩ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ১,০০,০০ | ২,০০,০০ | ৭০,০০ | ১,০০ | ০ |
| ৩২৫৩ | জনশৃঙ্খলা ও নিরাপত্তা সামগ্রী সরবরাহ | ৩৩,০০ | ২৭,০০ | ৩১,০০ | ৩১,০০ | ৩১,৫০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ২,৯২,৭৪ | ২,১১,৯০ | ৩,২৫,৩৯ | ৩,৫৭,৬০ | ৩,৮৯,১৫ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৩২,৩৫,২১ | ২০,৯৪,৪৭ | ৩৩,৪৯,১৩ | ৩৬,০৫,২৫ | ৪৩,০৬,৪২ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ৪,২০,২৯ | ২,৩৭,৪৯ | ৩,২৫,১০ | ৩,৩৩,৫৫ | ৩,৫৩,৪৫ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ১৩,৪৭,০৩ | ১২,৯০,৪৮ | ১৩,২৩,৩০ | ১৬,৭১,০৬ | ১৮,৫১,০৩ |
| ৩৭২১ | নগদ সামাজিক সহায়তা সুবিধাদি | ২,০০,০০ | ২,০০,০০ | ৩,০০,০০ | ৪,২৪,৩৫ | ৫,৪১,৫৮ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ৪,৬৬,১৫ | ৫,৯০,১৩ | ৯,৫০,২৫ | ৭,৪৩,৪৭ | ১৫,৯৫,৯৮ |
| ৩৮২৩ | প্রকল্পের আবর্তক স্থানান্তর | ২৪৬,৩১,০০ | ৭,৮৮,০০ | ২৬৯,৮৯,০০ | ১৩৬,৬১,৭৩ | ১৪,০৬,৫৪ |
| ৩৯১১ | সংরক্ষিত | ৫,৪৪,৪৫ | ০ | ৪,০৫,৮৫ | ৫৯,২৬,৭৭ | ৭৪,০৫,৯৬ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **৬৬৬,৪০,১৮** | **৩৬৯,৯২,৮৬** | **৭০১,৮৩,৬১** | **৬৭৮,৬২,৯০** | **৬১১,৯৩,৫১** |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ১০১,৮১,১৭ | ১০৮,৭০,০০ | ৯১,৫৯,০০ | ১৬০,১৫,০০ | ১৬০,০০,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ১৬২,৯৯,৫২ | ১১৩,৬২,৫৫ | ২০৭,৮৯,৪৯ | ১৯১,৬৯,২০ | ১৩৯,৮৪,৮৯ |
| ৪১১৩ | অন্যান্য স্থায়ী সম্পদ | ১,৫১,৩০ | ১,১১,৯৫ | ৩৫,৯০ | ২৫,৯০ | ২৬,৬০ |
| ৪১৪১ | ভূমি | ০ | ৫০,০০ | ৫০,০০ | ০ | ০ |
| ৪২১১ | প্রকল্প মূলধন ব্যয় | ৮,০৭,০০ | ৫,১০,০০ | ৮৫,০০ | ২৪,০০ | ০ |
| ৪৯১১ | সংরক্ষিত | ৪৯,২৭,৮৩ | ০ | ১৫,২০,০০ | ৮৯,১০,০০ | ৩২০,০৫,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **৩২৩,৬৬,৮২** | **২২৯,০৪,৫০** | **৩১৬,৩৯,৩৯** | **৪৪১,৪৪,১০** | **৬২০,১৬,৪৯** |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ২৫,০০ | ২৫,০০ | ২০,০০ | ২০,০০ | ২০,০০ |
| | **মোট : - সম্পদ** | **২৫,০০** | **২৫,০০** | **২০,০০** | **২০,০০** | **২০,০০** |
| | **সর্বমোট :** | **৯৯০,৩২,০০** | **৫৯৯,২২,৩৬** | **১০১৮,৪৩,০০** | **১১২০,২৭,০০** | **১২৩২,৩০,০০** |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. দক্ষতা উন্নয়নের জন্য পুরুষ ও নারী কর্মীদের প্রশিক্ষণ প্রদান | ১ | মোট বৈদেশিক কর্মসংস্থানের মধ্যে দক্ষ কর্মীর অনুপাত | - | - | ২৮:৭২ | ২৫:৭৫ | ৩০:৭০ | ৩৩:৬৭ | ৩৫:৬৫ |
| ২. দেশের প্রতিটি উপজেলায় টিটিসি স্থাপন | ১ | সংখ্যা | ৪০ | ২৫ | ৪০ | ২৫ | ১০ | ২০ | ২০ |
| ৩. বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি | ১,২ | শ্রমশক্তির শতকরা হার | - | - | ৩০% | ৩২% | ৩৪% | ৩৬% | ৩৮% |
| ৪. বৈদেশিক মুদ্রার প্রবাহ বৃদ্ধিতে সহায়তা প্রদান ও প্রেরিত রেমিট্যান্স | ৪ | মার্কিন ডলার (বিলিয়ন) | ২৭.০০ | ২১.৩২ | ৩২.০০ | ২৬.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ৪০.০০ |
| ৫. নিরাপদ অভিবাসন এবং প্রবাসী ও বিদেশ গমনেচ্ছু কর্মীদের কল্যাণ নিশ্চিতকরণ | ৩ | বিদেশে কর্মরত মোট শ্রম শক্তির অনুপাত | - | - | ২৩:৭৭ | ২১:৭৯ | ২৫:৭৫ | ২৮:৭২ | ৩০:৭০ |

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সচিবালয়

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে বিগত তিন (২০১৯-২০ হতে ২০২১-২২) অর্থবছরে ১৭ লক্ষ ৩৬ হাজার ৯ শত ৩১ জন কর্মীর বিদেশে কর্মসংস্থান হয়েছে। তন্মধ্যে ২ লক্ষ ০৫ হাজার ৪১ জন নারী কর্মী। এ সময়কালে প্রবাসী কর্মীগণ কর্তৃক ৬৪০১৪.৪০ মিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স প্রেরণ করা হয়েছে যা দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। অভিবাসন ব্যয়কে যৌক্তিক পর্যায়ে রাখতে ১৬ টি দেশের অভিবাসন ব্যয় নির্ধারণ করে দেয়া হয়েছে। বিদেশে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে মোট ১৫ লক্ষ ৩৮ হাজার ৮ শত ২৯ জন কর্মীকে প্রাক-বর্হিগমন ওরিয়েন্টেশন ও কারিগরি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উল্লেখ্য, বিশ্বব্যাপী কোভিড-১৯ প্রার্দুভাব এর কারণে বিদেশে কর্মী প্রেরণ এবং প্রশিক্ষণ প্রদান কিছুটা হ্রাস পেয়েছে। এছাড়া, বিদেশগামী কর্মীদের প্রাক বহির্গমন প্রশিক্ষণের জন্য ৪২ টি জেলায় ফিঙ্গারপ্রিন্ট ও বহির্গমন ছাড়পত্র প্রদান সেবা বিকেন্দ্রীকরণসহ নিরাপদ অভিবাসন (রিক্রুটিং এজেন্ট লাইসেন্স ও আচরণ) বিধিমালা-২০১৯ এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (রিক্রুটিং এজেন্ট শ্রেণী বিভাগ) বিধিমালা- ২০২০ প্রণয়ন করা হয়েছে।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বৈদেশিক শ্রম বাজারের দক্ষতা চাহিদা পরিবীক্ষণ | দক্ষতা চাহিদা পরিবীক্ষণ ও মূল্যায়নকৃত দেশের সংখ্যা | ১ | সংখ্যা | ২ | ২ | ৩ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ২. কর্মী প্রেরণকারী বিভিন্ন দেশের উত্তম চর্চা অনুসন্ধান এবং বাংলাদেশের প্রেক্ষাপটে তা বাস্তবায়ন | চুক্তি/সমঝোতা স্মারক সংক্রান্ত সভা | | সংখ্যা সংখ্যা | ৭ | ৭ | ৮ | ৯ | ৯ | ৯ | ১০ |
| | সৃষ্ট বার্ষিক বৈদেশিক কর্মসংস্থান | | লক্ষ (জন) | ৮.০০ | ৮.০০ | ৮.১০ | ৮.১০ | ৮.২০ | ৮.৫০ | ৯.০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩. বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণে প্রবাসীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ | প্রচারিত সচেতনতামূলক বিজ্ঞাপন ও প্রদর্শিত পোস্টার | ৪ | সংখ্যা (হাজার) | ৬৬ | ৬৬ | ৭০ | ৭০ | ৭২ | ৭৫ | ৭৮ |
| ৪. প্রবাসীদের বিশেষ নাগরিক সুবিধা প্রদান | সিআইপি (NRB) | ৩ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ |

## ৬.১.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৪০০১০১ - সচিবালয়, প্রবাসী কল্যাণ এবং বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | | ১৯,১৬,২৫ | ৪০,৪৬,৭৫ | ২৯,২৩,০৮ | ৩৭,৭০,০০ | ৫০,২০,০০ | ৫৪,৬০,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৯,১৬,২৫** | **৪০,৪৬,৭৫** | **২৯,২৩,০৮** | **৩৭,৭০,০০** | **৫০,২০,০০** | **৫৪,৬০,০০** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০০৮০১ - সরকারি কর্মচারীদের জন্য ঋণ | | ০ | ২৫,০০ | ২৫,০০ | ২০,০০ | ২০,০০ | ২০,০০ |
| ১২৭০২১২০১ - ইন্টারন্যাশনাল ওরগানাইজেশন ফর মাইগ্রেশন | | ০ | ২০,০০ | ২০,০০ | ১০,০০ | ১৫,০০ | ২০,০০ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **০** | **৪৫,০০** | **৪৫,০০** | **৩০,০০** | **৩৫,০০** | **৪০,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৯,১৬,২৫** | **৪০,৯১,৭৫** | **২৯,৬৮,০৮** | **৩৮,০০,০০** | **৫০,৫৫,০০** | **৫৫,০০,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২১০০০১৪০ - প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানের মন্ত্রণালয়ের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত | ১ | ০ | ৫০,০০,০০ | ০ | ১৬,৫০,০০ | ৯০,৮৫,০০ | ৩২৪,২০,০০ |
| ২২৩০০৬৬০০ - *এ্যাপ্লিকেশন অব মাইগ্রেশন পলিসি ফর ডিসেন্ট ওয়ার্ক ফর মাইগ্রান্ট ওয়ার্কারস (০১/০৪/২০১৬-৩১/০৭/২০২২) অনুমোদিত। | ৪ | ৫,৩৫,৭১ | ১,১৯,০০ | ১,১৯,০০ | ০ | ০ | ০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **৫,৩৫,৭১** | **৫১,১৯,০০** | **১,১৯,০০** | **১৬,৫০,০০** | **৯০,৮৫,০০** | **৩২৪,২০,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **৫,৩৫,৭১** | **৫১,১৯,০০** | **১,১৯,০০** | **১৬,৫০,০০** | **৯০,৮৫,০০** | **৩২৪,২০,০০** |
| **মোট :** | | **২৪,৫১,৯৬** | **৯২,১০,৭৫** | **৩০,৮৭,০৮** | **৫৪,৫০,০০** | **১৪১,৪০,০০** | **৩৭৯,২০,০০** |

## ৬.২ বিদেশস্থ শ্রম উইংসমূহ

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** বিদ্যমান শ্রম বাজারে কর্মসংস্থান বৃদ্ধির পাশাপাশি ২০১৯-২০ অর্থবছর হতে ২০২১-২২ অর্থবছরে মালদ্বীপ, দক্ষিণ কোরিয়া, গ্রীস, ব্রুনাই এবং মালয়েশিয়ার সাথে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে চুক্তি ও সমঝোতা স্মারকের মাধ্যমে কাজের নতুন নতুন ক্ষেত্র উন্মোচিত হয়েছে। ইতোমধ্যে জাপান সরকার ও বাংলাদেশ সরকারের মধ্যে Technical Intern ও Specified Skilled Workers (SSW) প্রেরণ এবং সিশেলস সরকারের সাথে কর্মী গ্রহণের বিষয়ে চুক্তি স্বাক্ষরিত হওয়ায় কর্মী প্রেরণ শুরু হয়েছে। বর্তমানে ২৭টি দেশে ৩০টি শ্রম কল্যাণ উইং খোলা হয়েছে। যে সকল দেশে ১০ হাজারের বেশি বাংলাদেশি কর্মী কর্মরত আছে সেসকল দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে পর্যায়ক্রমে শ্রম-উইং চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তাছাড়া, সম্প্রতি রোমানিয়া বাংলাদেশি শ্রমিকের চাহিদার প্রেক্ষিতে দক্ষিণ আফ্রিকার শ্রম কল্যাণ উইং-কে রোমানিয়ায় স্থানান্তর করা হয়েছে। বর্তমানে রোমানিয়ায় বাংলাদেশি কর্মী প্রেরণ শুরু হয়েছে। ২০২০-২১ অর্থবছরে প্রবাসীদের প্রেরিত রেমিট্যান্সের পরিমাণ ২৪৭৭৭.২০ মিলিয়ন মার্কিন ডলার যা পূর্বের ২০১৯-২০ অর্থবছরের তুলনায় ৩৬.১০% বেশী। গত ২০২১-২২ অর্থবছরে বৈধ চ্যানেলে তাদের প্রেরিত রেমিটেন্সের পরিমাণ ছিল ২১.০৩ বিলিয়ন ইউএস ডলার (২ লক্ষ

১০ হাজার ৩০০ কোটি টাকা)। বর্তমানে প্রবাসী কর্মীদের পাঠানো রেমিট্যান্সের উপর সরকার প্রণোদনার হার ২% থেকে ২.৫% এ বৃদ্ধি করেছে। যার প্রেক্ষিতে বিশ্ব মহামারীর সময়েও বাংলাদেশে রেমিট্যান্সের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

## ৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. প্রবাসী কর্মীদের অভিযোগের বিষয়ে কার্যক্রম গ্রহণ এবং বিভিন্ন সহায়তা প্রদান | নারী কর্মীসহ অভিবাসী কর্মীদের যাবতীয় সমস্যা/অভিযোগ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ | ৩ | সংখ্যা | ৭০০ | ৮৫৭ | ৭৫০ | ৮০০ | ৮৫০ | ৯০০ | ৯৫০ |
| | সহায়তা প্রত্যাশী প্রবাসী কর্মীদের প্রদত্ত আইনি সহায়তা | | সংখ্যা | ৩৫০ | ৪০০ | ৪৫০ | ৪৫০ | ৬০০ | ৭০০ | ৮০০ |
| ২. সরকারী ব্যবস্থাপনায় বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধি এবং শোভন (Decent) কাজের সুযোগ সম্প্রসারণ | মন্ত্রণালয় কর্তৃক পরিদর্শন ও অভ্যন্তরীণ অডিটকৃত মিশনের শ্রম উইং | ২ | সংখ্যা | - | - | ৬ | ৪ | ২০ | ১০ | ১০ |
| | পরিদর্শনকৃত শ্রম আবাসন, ক্যাম্প, কোর্ট, জেলখানা, হাসপাতাল ও কারখানা | ২ | সংখ্যা | ৩৫০০ | ৪৩৫৯ | ২৬০০ | ২৬০০ | ২৬৫০ | ২৭০০ | ৩৮০০ |
| ৩. প্রবাসী কর্মীদের বিশেষ সহায়তা প্রদানের লক্ষ্যে বিদেশে অবস্থিত সংগঠনসমূহের সাথে উদ্বুদ্ধকরণ সভা | বিশেষ সহয়তা প্রদানের লক্ষ্যে অংশীজন এবং বিদেশে রিক্রুটিং এজেন্ট/ নিয়োগকারীদের সাথে আয়োজনকৃত সভা | ৪ | সংখ্যা | ৯৭৬ | ১৫৫৩ | ৯৮০ | ৯৮০ | ১০০০ | ১০১০ | ১০২০ |
| ৪. বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণে প্রবাসীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সচেতনামূলক কার্যক্রম গ্রহণ | প্রবাসী বাংলাদেশী কর্মীদের সেবা সহজীকরণের জন্য সংশ্লিষ্ট সকল সংস্থার দায়িত্বাবলী সম্পর্কিত গাইডলাইনের খসড়া প্রস্তুতকরণ | ৪ | তারিখ | ৩১ ডিসেম্বর/ ২০২২ | ২২ ডিসেম্বর/ ২০২২ | ৩১ ডিসেম্বর/ ২০২৩ | ৩১ ডিসেম্বর/ ২০২৩ | ৩১ ডিসেম্বর/ ২০২৪ | ৩১ ডিসেম্বর/ ২০২৫ | ৩১ ডিসেম্বর/ ২০২৬ |
| | আয়োজিত প্রচার কার্যক্রম/সভা, ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ায় প্রচার | | সংখ্যা | ৭৬ | ২২৬ | ৮০ | ৮০ | ৮০ | ৯০ | ১০০ |
| | বিদেশে অবস্থিত সংগঠনসমূহের সাথে উদ্বুদ্ধকরণ সভা (অনলাইন/অফলাইন) আয়োজন | | সংখ্যা | ০ | ৯৯০ | ৭৫০ | ৭৫০ | ৭৭০ | ৮০০ | ৮২০ |

### ৬.২.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট ২০২২-২৩ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **পরিচালন কার্যক্রম** | | | | | | | |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৪০০১০২ - বিদেশে শ্রম অফিসসমূহ | | ৬৫,৩৫,৫৯ | ৮৭,০০,২৫ | ৮৭,৭৭,৯০ | ৯৯,৭৭,০০ | ১০৫,০০,০০ | ১১২,০০,০০ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **৬৫,৩৫,৫৯** | **৮৭,০০,২৫** | **৮৭,৭৭,৯০** | **৯৯,৭৭,০০** | **১০৫,০০,০০** | **১১২,০০,০০** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **৬৫,৩৫,৫৯** | **৮৭,০০,২৫** | **৮৭,৭৭,৯০** | **৯৯,৭৭,০০** | **১০৫,০০,০০** | **১১২,০০,০০** |
| **মোট :** | | **৬৫,৩৫,৫৯** | **৮৭,০০,২৫** | **৮৭,৭৭,৯০** | **৯৯,৭৭,০০** | **১০৫,০০,০০** | **১১২,০০,০০** |

## ৬.৩ জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

**৬.৩.১ সাম্প্রতিক অর্জন:** বিশ্ব শ্রমবাজারের চাহিদানুযায়ী কারিগরি প্রশিক্ষণ কোর্স প্রবর্তন, তৃণমূল পর্যায়ে প্রশিক্ষণ সুবিধা সম্প্রসারণ এবং অভিবাসনে পিছিয়ে পড়া জেলাসমূহকে অগ্রাধিকার দিয়ে জাপানিজ, কোরিয়ান, আরবি, ইংরেজি ও ক্যান্টনিজ ভাষা প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। বিদেশগামী কর্মীদের ৭০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে প্রাক বহির্গমন প্রশিক্ষণ প্রদানসহ ৪২টি জেলায় ফিঙ্গারপ্রিন্ট সেবা বিকেন্দ্রীকরণ করা হয়েছে। বিদেশে দক্ষ কর্মী প্রেরণের লক্ষ্যে গত তিন (২০১৯-২০ হতে ২০২১-২২) অর্থবছরে মোট ১৫,৩৮৮২৯ জন কর্মীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ১৭,৩৬,৯৩১ জন কর্মী বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে ৭৪,৫০৭.৯০ মিলিয়ন মার্কিন ডলার রেমিট্যান্স দেশে প্রেরণ করেছে এবং ২,০৪,৯৯৯ জন নারী কর্মী সম্পূর্ণ বিনা খরচে বিদেশে গমন করেছে।

### ৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০২১-২২ | প্রকৃত অর্জন ২০২১-২২ | লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | সংশোধিত লক্ষ্যমাত্রা ২০২২-২৩ | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বৈদেশিক শ্রমবাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স পরিচালনা ও মান নিশ্চিত করে দক্ষ জনশক্তি সৃষ্টি | প্রশিক্ষিত পুরুষ কর্মী | ১ | সংখ্যা (লক্ষ) | ৩.৭৯ | ৫.২৯ | ৫.৫ | ৫.৫ | ৬.৩৬ | ৬.৫০ | ৭.০০ |
| | প্রশিক্ষিত নারী কর্মী | | সংখ্যা (লক্ষ) | ০.৩১ | ০.২২ | ০.৪০ | ০.৪০ | ০.৫০ | ০.৬০ | ০.৭০ |
| | ভাষা প্রশিক্ষণ কোর্স চালুকৃত টিটিসি | | সংখ্যা | ০৫ | ০৩ | ১০ | ০৫ | ২৫ | ৩০ | ৩৫ |
| ২. দেশের প্রতিটি উপজেলায় টিটিসি স্থাপন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধমে প্রশিক্ষণ প্রদানে সক্ষমতা বৃদ্ধি | উপজেলা পর্যায়ে টিটিসি নির্মাণ সমাপ্তকরণ | ১ | সংখ্যা | ২০ | ০ | ২৫ | ২৫ | ১৫ | ০ | ০ |
| | উপজেলা পর্যায়ে টিটিসিতে প্রশিক্ষণ কার্যক্রম চালুকরণ | | | ১০ | ০ | ২৫ | ২৫ | ১৫ | ১০ | ০ |
| | দেশে/বিদেশে প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষক | | | ১৩০ | ৯৯৭ | ১৪০ | ১৪০ | ১৫০ | ১৬০ | ১৭০ |
| ৩. বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ এবং নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানের মাধ্যমে সৃষ্ট কর্মসংস্থানে কর্মী প্রেরণ | বৈদেশিক কর্মসংস্থানে স্বল্প দক্ষ কর্মীর ছাড়পত্র প্রদান | ২ | সংখ্যা (লক্ষ) | ১.৯০ | ৪.৬১ | ৩.৩০ | ৩.৩০ | ৩.৫০ | ৪.০০ | ৪.৫০ |
| | বৈদেশিক কর্মসংস্থানে দক্ষ কর্মীর ছাড়পত্র প্রদান | | সংখ্যা (লক্ষ) | ২.১০ | ১.৫৮ | ৩.৭০ | ৩.৭০ | ৩.৮০ | ৩.৯০ | ৪.০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | নিয়োগকর্তাদের সাথে/প্রতিনিধির সাথে যোগাযোগ/ দেশ পরিদর্শন | | সংখ্যা | ১৪ | ১৩ | ১৫ | ১৫ | ১৮ | ২০ | ২২ |
| | বৈদেশিক কর্মসংস্থানে নারী কর্মীর ছাড়পত্র প্রদান | | সংখ্যা (লক্ষ) | ০.৩০ | ০.৩০ | ০.৬০ | ০.৬০ | ০.৬৫ | ০.৭০ | ০.৭৫ |
| | বায়রা/রিক্রুটিং এজেন্টদের নিয়ে সভার আয়োজন | | সংখ্যা | ৩ | ৩ | ৩ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | বিদেশ গমনেচ্ছু কর্মীদের দক্ষতা ও পেশাভিত্তিক ডাটা ব্যাংক তৈরী ও রক্ষণাবেক্ষণ সভা আয়োজন | | সংখ্যা | ৪ | ৪ | ৪ | ০ | ৪ | ৫ | ৬ |
| ৪. রিক্রুটিং এজেন্সী নিবন্ধিকরণ, পরিবীক্ষণ ও সহযোগিতামূলক কার্যক্রম সম্পাদন | আবেদনকৃত রিক্রুটিং লাইসেন্স নিষ্পত্তিকরণ | ২ | সংখ্যা | ২৫০ | ২৫০ | ৪০০ | ৪০০ | ৫০০ | ৫৫০ | ৬০০ |
| | রিক্রুটিং এজেন্সীর অফিস পরিদর্শন | | সংখ্যা | ৫৫০ | ৫৫৩ | ৭০০ | ৭৫০ | ৭৫০ | ৮০০ | ৮৫০ |
| | রিক্রুটিং লাইসেন্স বাতিলকরণ | | সংখ্যা | ১০ | ১৪৫ | ১০ | ১০ | ১২ | ১৫ | ১৬ |
| | নবায়কৃত রিক্রুটিং এজেন্সীর লাইসেন্স | | সংখ্যা | ২২৫ | ২৩৩ | ২৫০ | ২৫০ | ৩০০ | ৩৫০ | ৪০০ |
| ৫. নিরাপদ অভিবাসন সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালন ও পর্যবেক্ষণ | নিষ্পত্তিকৃত অভিযোগ | ৩ | সংখ্যা | ৩০০ | ৩২২ | ৪৫০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ |
| | মোবাইল কোর্ট পরিচালনা | ৩ | সংখ্যা | - | - | ২২ | ২২ | ২৫ | ৩০ | ৩৫ |
| ৬. বৈধ উপায়ে রেমিট্যান্স প্রেরণে প্রবাসীদের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে সচেতনামূলক কার্যক্রম গ্রহণ | প্রচার কার্যক্রম আয়োজিত (সভা/ব্রিফিং/ ইলেকট্রনিক প্রিন্ট/ মিডিয়া/টিভিসি প্রদর্শন ইত্যাদি) | ৪ | সংখ্যা | ৪ | ৪ | ৫ | ৫ | ৬ | ৭ | ৮ |

## ৬.৩.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **সাধারণ কার্যক্রম** | | | | | | | |
| ১৪০০২০১ - প্রধান কার্যালয়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | | ১১,৩১,১৮ | ১৮,২০,০০ | ১৬,১৪,৫৫ | ২০,৪৬,১৯ | ২৭,২৩,২৪ | ২৮,৩৯,৭৫ |
| ১৪০০২০২ - বিভাগীয় কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়সমূহ | | ৬৭,৮৮ | ১,২২,০০ | ৭৮,৯২ | ১,৩২,০০ | ১,৪২,৪০ | ১,৫০,৯৫ |
| ১৪০০২০৩ - জেলা কর্মসংস্থান ও জনশক্তি কার্যালয়সমূহ | | ২০,৫২,২৩ | ২৮,৯৪,০০ | ২৪,৪৬,৭৩ | ৩০,৭৩,০০ | ৩৫,০৮,২২ | ৩৮,২৮,৩৫ |
| ১৪০০২০৪ - প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ | | ১২১,২০,৬০ | ১৬৪,৭৩,০০ | ১৫৮,১৯,৬৫ | ১৮১,৬৫,০০ | ১৯২,৫১,৮২ | ২১৮,০৮,৩৮ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১৪০০২০৫ - মেরিন টেকনোলজি ইনস্টিটিউটসমূহ | | ১১,৩৭,১১ | ১৪,৮১,০০ | ১৩,৪৮,০১ | ১৮,৫৫,০০ | ১৭,৮১,৯০ | ১৯,৩৯,০৫ |
| **মোট : সাধারণ কার্যক্রম** | | **১৬৫,০৯,০০** | **২২৭,৯০,০০** | **২১৩,০৭,৮৬** | **২৫২,৭১,১৯** | **২৭৪,০৭,৫৮** | **৩০৫,৬৬,৪৮** |
| **বিশেষ কার্যক্রম** | | | | | | | |
| ১২০০০৬০০০ - জাতীয় শিক্ষানবিশ প্রশিক্ষণ | ১,২ | ১,২৫,০৪ | ১,৮০,০০ | ১,২২,৫২ | ১,৯৬,৮১ | ২,০৭,৪২ | ২,১৯,৫২ |
| **মোট : বিশেষ কার্যক্রম** | | **১,২৫,০৪** | **১,৮০,০০** | **১,২২,৫২** | **১,৯৬,৮১** | **২,০৭,৪২** | **২,১৯,৫২** |
| **মোট : পরিচালন কার্যক্রম** | | **১৬৬,৩৪,০৪** | **২২৯,৭০,০০** | **২১৪,৩০,৩৮** | **২৫৪,৬৮,০০** | **২৭৬,১৫,০০** | **৩০৭,৮৬,০০** |
| **উন্নয়ন কার্যক্রম** | | | | | | | |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৪০৬০০০০ - *ঢাকা কারিগরি শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন (০১/০৭/২০১৬-৩০/০৬/২০২২) অনুমোদিত | ১,৫ | ২৩,৮২,৮৯ | ৩১,৫০,০০ | ২৮,১৫,০০ | ১৭,৮২,০০ | ০ | ০ |
| ২২৪০৬০১০০ - *৪০টি উপজেলায় ৪০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র ও চট্টগ্রামে ১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন (১ম সংশোধিত) (০১/০১/২০১৬ - ৩০/০৬/২০২৩) অনুমোদিত | ১,২ | ২৩২,৪৯,৬১ | ২৩৩,৮৮,০০ | ২০০,০০,০০ | ২৭০,৯২,০০ | ৩৫৪,০৮,০০ | ৩০০,০০,০০ |
| ২২৪২৫৭৩০০ - *ঢাকা, চট্টগ্রাম ও খুলনাস্থ শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তরসমূহের সংস্কার ও আধুনিকায়ন (০১/০৭/২০১৮ -৩১/১২/২০২২) অনুমোদিত | | ৫,৪৮,৯৯ | ১,৭৫,০০ | ১৪,০০ | ০ | ০ | ০ |
| ২২৪৩০৫৮০০ - দেশে-বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান (০১/০১/২০২০-৩১/১২/২০২৪) অনুমোদিত | ১ | ১৬,৩৫,৮১ | ৬০,০০,০০ | ২৫,০০,০০ | ৫০,০০,০০ | ৫০,০০,০০ | ৫০,০০,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **২৭৮,১৭,৩০** | **৩২৭,১৩,০০** | **২৫৩,২৯,০০** | **৩৩৮,৭৪,০০** | **৪০৪,০৮,০০** | **৩৫০,০০,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **২৭৮,১৭,৩০** | **৩২৭,১৩,০০** | **২৫৩,২৯,০০** | **৩৩৮,৭৪,০০** | **৪০৪,০৮,০০** | **৩৫০,০০,০০** |
| **মোট :** | | **৪৪৪,৫১,৩৪** | **৫৫৬,৮৩,০০** | **৪৬৭,৫৯,৩৮** | **৫৯৩,৪২,০০** | **৬৮০,২৩,০০** | **৬৫৭,৮৬,০০** |

## ৬.৪ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড

**৬.৪.১ সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছরে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড ১৪,৯৭৯ জন প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি, ২৯১ জনকে প্রতিবন্ধী ভাতা, ২৮৩ জনকে বীমা সুবিধা প্রদান এবং বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্কসমূহের মাধ্যমে ৬,৭৩২ জন বিদেশগামী ও প্রত্যাগত কর্মীদের সেবা প্রদান, বিদেশে মৃত্যুবরণকারী ১০,৬৮৩ জন কর্মীর মৃতদেহ দেশে আনয়ন ও দাফন খরচ প্রদান, ৭৮০ জন অসুস্থ কর্মীকে দেশে ফেরত আনয়ন ও চিকিৎসার্থে আর্থিক সহায়তা প্রদান এবং ৫৮০ জন কর্মীকে এ্যাম্বুলেন্স সেবা প্রদান করা হয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকার সন্নিকটে বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার স্থাপন এবং প্রবাসী কর্মী ও তাদের পরিবারের সার্বক্ষনিক সেবা প্রদানের জন্য কলসেন্টার (১৬১৩৫) স্থাপন করা হয়েছে। বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনঃএকত্রিকরণের লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে Recovery and advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্প গ্রহণ করা হয়েছে।

### ৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনঃ একত্রিকরণের লক্ষ্যে মনো-সামাজিক এবং অর্থনৈতিক পরামর্শ ও নগদ সহায়তাসহ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা প্রদান এবং RPL সনদ প্রদান | বিদেশ প্রত্যাগত কর্মীদের পুনঃএকত্রিকরণ | ৩ | জন (হাজারে) | - | - | ১০.০০ | ২.০০ | ১০০.০০ | ৭০.০০ | ২৮.০০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ২. অনিবাসী/অভিবাসী বাংলাদেশি কর্মীদের পাঠানো অর্থ উৎপাদনশীল খাতে ব্যবহার করার লক্ষ্যে ০৪টি উপজেলার কর্মীদের পরিবারকে উৎসাহ প্রদান | কর্মীদের পরিবারকে উৎসাহ প্রদান | ৪ | পরিবার সংখ্যা | - | - | ৫০০.০০ | ১০০.০০ | ৪৪০০.০০ | - | - |

## ৬.৪.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলনঃ

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| **বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | | | | | | |
| ২২৩০৪৩৬০০ - * প্রোমোটিং ডায়াসপোরা ইনভেস্টমেন্ট এন্ড অপটিমাল ইউজেস অব রেমিট্যান্স (০১/০১/২০২১-৩০/০৬/২০২৩) অনুমোদিত | ১-২ | ০ | ৪,৯৮,০০ | ৬২,০০ | ৬,১৫,০০ | ২,৬৪,০০ | ০ |
| ২২৪৩৪৭৭০০ - প্রত্যাগত অভিবাসী কর্মীদের পুনঃএকত্রীকরণের লক্ষ্যে অনানুষ্ঠানিক খাতে কর্মসংস্থান সৃজনে সহায়ক প্রকল্প (০১/০৭/২০২১-৩০/০৬/২০২৪) অনুমোদিত | ১-২ | ০ | ২৪৯,৪০,০০ | ১২,৩৬,০০ | ২৬৪,৫৯,০০ | ১৯১,০০,০০ | ৮৩,২৪,০০ |
| **মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি** | | **০** | **২৫৪,৩৮,০০** | **১২,৯৮,০০** | **২৭০,৭৪,০০** | **১৯৩,৬৪,০০** | **৮৩,২৪,০০** |
| **মোট : উন্নয়ন কার্যক্রম** | | **০** | **২৫৪,৩৮,০০** | **১২,৯৮,০০** | **২৭০,৭৪,০০** | **১৯৩,৬৪,০০** | **৮৩,২৪,০০** |
| **মোট :** | | **০** | **২৫৪,৩৮,০০** | **১২,৯৮,০০** | **২৭০,৭৪,০০** | **১৯৩,৬৪,০০** | **৮৩,২৪,০০** |

## ৬.৫ বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছরে (২০১৯-২০ থেকে ২০২১-২২) বোয়েসেল বিভিন্ন দেশে মোট ৩২,৩৩৫ জন দক্ষ কর্মী প্রেরণ করে প্রায় ৬৫.১৮ কোটি টাকা আয় করেছে এবং উক্ত সময়ে অর্জিত নীট মুনাফার পরিমাণ ২৭.৫২ কোটি টাকা। তন্মধ্যে সরকারের শেয়ারের বিপরীতে প্রায় ২৫.৫০ লক্ষ টাকা সরকারি কোষাগারে ডিভিডেন্ড হিসাবে এবং আয়কর বাবদ ১২.৫২ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। এছাড়া, বাংলাদেশ সরকার ও দক্ষিণ কোরিয়া সরকারের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের আওতায় Employment Permit System (EPS)-এর মাধ্যমে বোয়েসেল স্বল্প খরচে দক্ষিণ কোরিয়ায় কর্মী প্রেরণ করছে।

### ৬.৫.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২১-২২ | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিদ্যমান শ্রমবাজার সম্প্রসারণ এবং নতুন নতুন শ্রমবাজার অনুসন্ধানের মাধ্যমে সৃষ্ট কর্মসংস্থানে কর্মী প্রেরণ | বিদেশে দক্ষ কর্মী প্রেরণ | ২ | জন (হাজারে) | ৮.০০ | ১৮.২৫৪ | ৬.৭৭ | ৯.৫০ | ১০.০০ | ১০.৫০ | ১১.০০ |

### ৬.৫.৩ প্রাতিষ্ঠানিক ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২১-২২ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| প্রযোজ্য নয় | | | | | | | |